দৈনিক খবর

তারিখ 13 SEP 1992
পৃষ্ঠা ৭ কলাম ৫

106

# শিক্ষা প্রতিষ্ঠান থেকে সন্ত্রাস নির্মূলের আহবান

বাসস জানায়, রাষ্ট্রপতি আবদুর রহমান বিশ্বাস ছাত্রদের প্রতি শিক্ষা প্রতিষ্ঠান থেকে সন্ত্রাস নির্মূলের মাধ্যমে শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টির আহবান জানিয়েছেন।

গতকাল শনিবার অপরাহ্নে বঙ্গভবনে অধ্যক্ষ মোহাম্মদ হানিফের নেতৃত্বে বরিশাল সরকারী ব্রজমোহন বিশ্ববিদ্যালয় কলেজের শিক্ষক, ছাত্র ও সাবেক ছাত্রদের ৩৫ সদস্যের একটি প্রতিনিধি দল রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে এলে তিনি একথা বলেন। তারা বিএম কলেজের শততম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন নিয়েও আলোচনা করেন।

প্রতিনিধিদলে অন্যান্যের মধ্যে রয়েছেন কলেজ সংসদের ভিপি জাফর ইমাম, জি এস আবদুর রহমান আজিম, ছাত্রলীগ বরিশাল জেলা শাখার সভাপতি জাকির হোসেন ও সাধারণ সম্পাদক সাইফুল্লাহ পনির, ইসলামী ছাত্র শিবির জেলা সম্পাদক আবদুর রব, জাতীয়তাবাদী ছাত্রদল নেতা কামরুল হাসান, ছাত্র ইউনিয়ন নেতা গাজী শহীদ, ছাত্র ফ্রন্ট নেতা সাইদুর রহমান এবং সাবেক ছাত্র এডভোকেট খান আলতাফ হোসেন ও ডাকসু এজিএস নাজিমউদ্দিন আলম।

প্রতিনিধিদল বরিশাল বিভাগ প্রতিষ্ঠার দীর্ঘদিনের দাবী বাস্তবায়নের জন্যে রাষ্ট্রপতি বিশ্বাস ও প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার প্রতি সন্তোষ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

তারা এ বছরের শেষ দিকে মহাবিদ্যালয়ের শততম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন অনুষ্ঠানে সকল ছাত্র সংগঠনের পক্ষ থেকে প্রধান অতিথি হিসেবে রাষ্ট্রপতিকে আমন্ত্রণ জানিয়েছেন।

রাষ্ট্রপতি বিশ্বাস বরিশালের এই প্রাচীন ও ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠানটির হারানো গৌরব উদ্ধার এবং শিক্ষা জীবনে শান্তি বজায় রাখার জন্যে রাজনৈতিক মত নির্বিশেষে সকল ছাত্রকে ঐক্যবদ্ধ হওয়ার ঘটনায় সন্তোষ প্রকাশ করেন।

তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, বরিশাল বিভাগ প্রতিষ্ঠিত হওয়ায় ওই এলাকা এবং একই সাথে দেশের উন্নয়নে সম্মিলিতভাবে কাজ করার জন্যে জনগণকে উৎসাহিত করবে।